

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-২০, পাক পবিত্রতা

পবিত্রতা সম্পর্কে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا وُجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ إِلَى الْمَرَافِقِ وَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ
यখন তোমরা নামাযের জন্য উঠবে তখন তোমাদের মুখমণ্ডল, দু'হাত কনুই পর্যন্ত ধুয়ে নাও। তোমাদের মাথা
মাসেহ কর এবং দু'পা গোড়ালীর গিটসহ ধুয়ে নাও।[১]

আবু মালেক আল আশআরী থেকে বর্ণিত, নবী করীম (সা.) বলেছেন

الطَّهُورُ شَطْرُ الْإِيمَانِ، وَالْحَمْدُ لِلَّهِ تَمْلَأُ الْمِيزَانَ، وَسُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ تَمْلَأَنِ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ، وَالصَّلَاةُ نُورٌ، وَالصَّدَقَةُ بُرْهَانٌ، وَالصَّبْرُ ضِيَاءٌ، وَالْقُرْآنُ حُجَّةٌ لَك أَوْ عَلَيْك، كُلُّ النَّاسِ يَغْدُو، فَبَائِعٌ نَفْسَهُ فَمُعْتِقُهَا أَوْ مُوبِقُهَا

'পবিত্রতা ঈমানের অর্ধেক। আলহামদুলিল্লাহ' ওজনদণ্ডের (মিযানের) পরিমাপকে পরিপূর্ণ করে দেবে এবং সুবহানাল্লাহ্ ওয়াল হামদু লিল্লাহ' আসমান ও জমিনের মধ্যবর্তী স্থানকে পরিপূর্ণ করে দেবে। নামায হচ্ছে একটি উজ্জ্বল জ্যোতি। সাদকা। হচ্ছে প্রমাণ। সবর হচ্ছে জ্যোতি। প্রতিটি ভোরে প্রত্যেক মানুষই আমলের বিনিময়ে নিজেকে বিক্রি করে দেয়। তার আমল দ্বারা নিজেকে (আল্লাহর শাস্তি থেকে) রক্ষা করে কিংবা ধ্বংস করে।"[২] ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত সহীহ্ মুসলিমে আরেকটি হাদীসে বলা হয়েছে, রাস্লুল্লাহ্ (সা.) বলেছেন,

لاَ يَقْبَلُ الله صَلَاةً بِغَيْرِ طُهُورِ وَلاَ صَدَقَةً مِنْ غُلُولِ

মহান ও পরাক্রমশালী আল্লাহ্ পবিত্রতা ছাড়া নামায এবং অবৈধভাবে অর্জিত সম্পদের দান কবুল করেন না।[৩] ছাওবান (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

اِستَقِيمُوا وَلَن تُحصُوا، وَاعلَمُوا أَنَّ خَيرَ أَعمَالِكُمُ الصَّلاةَ، وَلا يُحَافِظُ عَلَى الوُضُوءِ إِلاَّ مُؤمِنٌ

তোমরা দৃঢ় থাক দ্বিধাগ্রস্ত হয়ো না। জেনে রেখো তোমাদের সর্বোত্তম কাজ হচ্ছে নামায। আর মুমিন ছাড়া কেউ ওযুকে সংরক্ষণ করে না।'[8]

ইয়াহইয়া ইবনু আদাম থেকে হালিমী (الطَّهُورُ شَطْرُ الْإِيمَان) এর ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন, আল্লাহ সুবহানাহু তা'আলা নামাযকেও ঈমান বলে অভিহিত করেছেন। যেমন আল কুরআনে বলা হয়েছে

وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ

আল্লাহ্ তোমাদের ঈমান (অর্থাৎ বাইতুল মাকদাস-এর দিকে মুখ করে নামায)-কে নষ্ট হতে দেবেন না।[৫]



এ আয়াতের আলোকে বুঝা যায় পবিত্রতা যদি ঈমানের অর্ধেক হয় তাহলে অবশিষ্ট অর্ধেক হচ্ছে নামায যা ঈমান নামে অভিহিত করা হয়েছে।

ফুটনোট

- [১]. সুরা আল মায়িদা, আয়াত : ৬।
- [২]. সহীহ মুসলিম, পবিত্রতা অধ্যায়, (হাদীস-৪৪১)।
- [৩]. সহীহ মুসলিম, পবিত্রতা অধ্যায়।
- [8]. মুসনাদে ইমাম আহমদ ইবনু হাম্বল, হাকিম, বাইহাকী প্রমুখ ছাওবান (রাঃ) থেকে এবং বাইহাকী (এর অন্য রিওয়ায়েত) ও তাবারানী ইবনু আমর ইবনুল আস থেকে বর্ণিত হাদীস সংকলন করেছেন। ইমাম সুয়ূতী একে সহীহ বলেছেন। হাফিয মুন্যিরী বলেছেন, ইবনু মাজা বর্ণিত সন্দটিও সহীহ্। রাফিঈ বলেছেন, হাদীসটি প্রমাণিত।
- [৫]. সূরা আল বাকারা, আয়াত : ১৪**৩**।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12318

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন